দর্শনায় শান্তিপূর্ণ পরিবেশে ৬ টি মন্দিরের প্রতিমা বিসর্জন

প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে শেষ হল সনাতন ধর্মালম্বীদের সবচেয়ে বড় উৎসব শারদীয় দুর্গা পূজা। প্রতি বছরের ন্যায় চুয়াডাঙ্গা জেলার দর্শনায় মাথাভাঙ্গা নদীতে শান্তিপূর্ণ পরিবেশে প্রতিমা বিসর্জন সম্পন্ন হয়েছে।

গতকাল বিকাল থেকে শুরু হয়ে সন্ধ্যা পর্যন্ত দর্শনা পৌর এলাকার ৫টি পূজা মন্দির ও পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ১টি পূজা মন্দির মোট ৬টি পূজা মন্দিরের প্রতিমা বিসর্জন সমাপ্তি হয়। অন্যান্য বছরের তুলনায় এ বছর নিরাপত্তা ব্যবস্থা ছিল বেশ কঠোর।

এ বিষয়ে দর্শনা থানার ওসি তিতুমীর বলেন, আমরা সতর্কতার সাথে দায়িত্ব পালন করেছি। আমাদের সঙ্গে সেনাবাহিনী ও ফায়ার সার্ভিস এবং আনসার বাহিনীর সদস্যরাও যুক্ত আছে। শান্তিপূর্ণ পরিবেশের মধ্যে দিয়ে প্রতিমা বিসর্জন সম্পন্ন হয়েছে।

বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রীস্টান ঐক্য পরিষদ দামুড়হুদা উপজেলা শাখার সভাপতি উত্তম রঞ্জন দেবনাথ বলেন, আমরা সুন্দর ও সুষ্ঠু ভাবে আমাদের প্রতিমা বিসর্জন দিতে পেরে খুব আনন্দিত। আমরা প্রতিবছর চুয়াডাঙ্গা জেলার দর্শনায় মাথাভাঙ্গা নদীতে প্রতিমা বিসর্জন দিয়ে থাকি। এবারও আমরা একই জায়গায় প্রতিমা বিসর্জন দিয়েছি। অন্যন্য বছরের তুলনায় এ বছর নিরাপত্তা ব্যবস্থা ছিল বেশ কঠোর। আমি বিশেষ ভাবে ধন্যবাদ দিতে চাই দর্শনা থানার পুলিশ সদস্য, সেনাবাহিনী ও ফায়ার সার্ভিস এবং আনসার বাহিনীদেরকে। অনেক সতর্কতার সাথে দায়িত্ব পালন করেছে। আমরা আমাদের অনুষ্ঠানটি খুব সুন্দরভাবে সম্পূর্ণ করতে পেরে আমরা আনন্দিত। এসময় প্রতিমা বিসর্জনের স্থানে হাজার হাজার মানুষের জনসমাগম ছিলো।